রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, জুন ১৪, ২০২৩**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**বিধি-৫ শাখা**

প্রজ্ঞাপন

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ/১৪ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও. নং ১৮৯-আইন/২০২৩।**—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম।**—এই বিধিমালা নন-ক্যাডার পদে নিয়োগ (বিশেষ) বিধিমালা, ২০২৩ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "উত্তীর্ণ প্রার্থী" অর্থ বাংলাদেশ সিভিল সার্ভিস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৪ এর বিধি ১৭ তে বর্ণিত কৃতকার্য প্রার্থীদের মধ্যে যাহারা ক্যাডার সার্ভিস বা পদে নিয়োগের জন্য কমিশন কর্তৃক সুপারিশকৃত নহেন;

(খ) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(গ) "নন-ক্যাডার পদ" অর্থ কমিশনের সুপারিশের আওতাভুক্ত কোনো সরকারি অফিসের রাজস্ব খাতের সরাসরি নিয়োগযোগ্য স্থায়ী বা অস্থায়ী গ্রেড-৯, গ্রেড-১০, গ্রেড-১১ এবং গ্রেড-১২ এর প্রারম্ভিক পদ;


মূল্য : টাকা ৮.০০

(ঘ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ যে নন-ক্যাডার পদে নিয়োগ করা হইবে সেই পদের সংশ্লিষ্ট নিয়োগ বিধিতে বর্ণিত নিয়োগকারী কর্তৃপক্ষ;

(ঙ) "নিয়োগ বিধি" অর্থ সংশ্লিষ্ট নন-ক্যাডার পদের বিদ্যমান নিয়োগ বিধি;

(চ) "নিয়োগের যোগ্যতা" অর্থ নিয়োগ বিধিতে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও প্রয়োজনীয় অন্যান্য অভিজ্ঞতা, যদি থাকে;

(ছ) "বিসিএস পরীক্ষা" অর্থ বাংলাদেশ সিভিল সার্ভিস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা, ২০১৪ এর অধীন গৃহীত পরীক্ষা;

(জ) "মেধা তালিকা" অর্থ এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, বিধি ৫ এর অধীন মেধাক্রমানুসারে প্রণীত তালিকা।

৩। **বিধিমালার প্রাধান্য।**—আপাততঃ বলবৎ অন্য কোনো বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমালার বিধানাবলি প্রাধান্য পাইবে।

৪। **নন-ক্যাডার পদের বিবরণ বিজ্ঞপ্তিতে প্রকাশ।**—(১) কমিশন, সরকারের নিকট হইতে ক্যাডার পদের সহিত নন-ক্যাডার শূন্য পদে নিয়োগের অনুরোধ প্রাপ্তি সাপেক্ষে, বিসিএস পরীক্ষার মাধ্যমে নিয়োগের জন্য প্রকাশিত বিজ্ঞপ্তিতে পূরণযোগ্য নন-ক্যাডার শূন্য পদের বিবরণী ও সংখ্যা প্রকাশ করিবে।

(২) প্রকাশিত বিজ্ঞপ্তিতে বর্ণিত নন-ক্যাডার পদসমূহের মধ্যে কোনো প্রার্থী যে সকল নন-ক্যাডার পদে নিয়োগ লাভে আগ্রহী তাহাকে সেই সকল পদ বা পদসমূহের নাম অগ্রাধিকারের ক্রমানুসারে তাহার পছন্দক্রম কমিশন কর্তৃক নির্ধারিত বিসিএস পরীক্ষার আবেদনপত্রে উল্লেখ করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, এই বিধিমালা কার্যকর হইবার পূর্বে নন-ক্যাডার পদে নিয়োগের জন্য অপেক্ষমাণ যে সকল বিসিএস পরীক্ষার জন্য প্রকাশিত বিজ্ঞপ্তিতে সুপারিশের বিষয় উল্লেখ ছিল, কিন্তু নন-ক্যাডার পদের সুনির্দিষ্ট বিবরণ ও সংখ্যা উল্লেখ ছিল না, সেই ক্ষেত্রে সংশ্লিষ্ট বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে, সরকার কর্তৃক বিসিএস ওয়ারী, নন-ক্যাডার পদের সুনির্দিষ্ট বিবরণ ও সংখ্যা উল্লেখক্রমে কমিশনকে অনুরোধ করা সাপেক্ষে এই বিধিমালার অধীন প্রদত্ত সুবিধাদি প্রযোজ্য হইবে।

(৪) কমিশন, উপ-বিধি (৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, উক্ত উপ-বিধিতে বর্ণিত নন-ক্যাডার পদে নিয়োগ লাভে আগ্রহী প্রার্থীদের নিকট হইতে, সরকারের কর্তৃক প্রাপ্ত শূন্য পদের বিবরণী ও সংখ্যার ভিত্তিতে যথাসময়ে নির্ধারিত ফরমে পছন্দক্রম আহ্বান করিবে।

৫। **উত্তীর্ণ প্রার্থীদের মেধা তালিকা।**—এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশন প্রত্যেক বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মেধাক্রমানুসারে একটি তালিকা প্রস্তুত করিবে।

৬। **নিয়োগের জন্য সুপারিশ।**—(১) কমিশন, এই বিধিমালার অন্যান্য বিধানাবলি সাপেক্ষে, নন-ক্যাডার পদে নিয়োগের জন্য উত্তীর্ণ প্রার্থীদের মধ্য হইতে সংশ্লিষ্ট নিয়োগ বিধি অনুযায়ী, নিম্নবর্ণিত শর্তাদি অনুসরণক্রমে, ঐ সকল পদে নিয়োগের যোগ্যতা রহিয়াছে এইরূপ প্রয়োজনীয় সংখ্যক প্রার্থী, মেধার ভিত্তিতে, বাছাইপূর্বক নিয়োগের জন্য সুপারিশ করিবে, যথা:—

(ক) সরকারের নিকট হইতে প্রাপ্ত শূন্য পদের অধিযাচনের ভিত্তিতে:

তবে শর্ত থাকে যে, কমিশন, সময় সময়, রাষ্ট্রীয় বিশেষ প্রয়োজনে, সরকারের অনুরোধের পরিপ্রেক্ষিতে, বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করিতে পারিবে;

(খ) প্রার্থী কর্তৃক নন-ক্যাডার পদের জন্য প্রদত্ত চাকরির পছন্দক্রম এবং নিয়োগের যোগ্যতা ও মেধার ভিত্তিতে;

(গ) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এ বর্ণিত পদ সংরক্ষণের নির্দেশাবলি ও উক্ত বিষয়ে জারীকৃত বিধি-বিধান অনুসারে:

তবে শর্ত থাকে যে, কোনো প্রার্থীকে একই বিসিএস হইতে একাধিক পদ বা একাধিক নিয়োগের জন্য সুপারিশ করা যাইবে না।

(২) কমিশন বিধি ৫ এর বিধান অনুসারে প্রস্তুতকৃত তালিকা হইতে গ্রেড-৯ এর সকল পদে নিয়োগের জন্য সুপারিশ করিবার পর পর্যায়ক্রমে গ্রেড-১০, গ্রেড-১১ এবং গ্রেড-১২ভুক্ত পদে নিয়োগের জন্য সুপারিশ করিবে।

৭। **নিয়োগ প্রদান।**—(১) কমিশনের নিকট হইতে সুপারিশ প্রাপ্তির পর নিয়োগ সংক্রান্ত সকল বিধি-বিধান ও আনুষ্ঠানিকতা প্রতিপালনপূর্বক নিয়োগকারী কর্তৃপক্ষ উক্ত সুপারিশের ভিত্তিতে নিয়োগ প্রদান করিতে পারিবে।

(২) উত্তীর্ণ প্রার্থীদের প্রস্তুতকৃত তালিকা হইতে কমিশন কর্তৃক কোনো প্রার্থীকে নিয়োগের সুপারিশ করিবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নিয়োগপত্র জারির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উক্ত প্রার্থী যোগদান না করিলে অথবা, যোগদানে অসম্মতি জ্ঞাপন করিলে উক্ত সুপারিশ বাতিল বলিয়া গণ্য হইবে এবং উক্ত প্রার্থী উক্ত তালিকা হইতে পুনরায় কোনো নন-ক্যাডার পদে নিয়োগের সুপারিশ লাভের জন্য যোগ্য বিবেচিত হইবেন না।

(৩) এই বিধিমালার অন্য কোনো বিধানে যাহা কিছুই থাকুক না কেন, উত্তীর্ণ কোনো প্রার্থীর নাম তালিকায় অন্তর্ভুক্ত হইলে বা কমিশন নিয়োগের জন্য সুপারিশ করিলে, উক্ত কারণে উক্ত প্রার্থীর নন-ক্যাডার পদে নিয়োগের কোনো অধিকার জন্মাইবে না।

৮। **অসুবিধা দূরীকরণ।**—এই বিধিমালার কোনো বিধানের অস্পষ্টতার কারণে উহা কার্যকর করিবার ক্ষেত্রে কোনো অসুবিধা দেখা দিলে সরকার, এই বিধিমালার অন্যান্য বিধানের সহিত সামঞ্জস্য রাখিয়া, উক্ত অসুবিধা দূরীকরণার্থে, সরকারি গেজেটে প্রকাশিত আদেশ দ্বারা, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

৯। **রহিতকরণ ও হেফাজতকরণ।**—(১) নন-ক্যাডার পদে নিয়োগ (বিশেষ) বিধিমালা, ২০১০, অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিত হওয়া সত্ত্বেও, উক্ত বিধিমালার অধীন-

(ক) নিয়োগকৃত কর্মকর্তা ও কর্মচারী এই বিধিমালার অধীন নিয়োগকৃত হইয়াছেন বলিয়া গণ্য হইবেন; এবং

(খ) গৃহীত বা কৃত কার্যক্রম এই বিধিমালার অধীন গৃহীত বা কৃত বলিয়া গণ্য হইবে।

(৩) উপ-বিধি (১) এর অধীন রহিত হওয়া সত্ত্বেও, উক্ত বিধিমালার অধীন গৃহীত কোনো কার্য বা কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উক্ত কার্য বা কার্যধারা, এই বিধিমালার সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী**
সিনিয়র সচিব।

মোস্তাফিজুর রহমান, উপপরিচালক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চাম্বুগং, উপপরিচালক (উপসচিব), (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd